

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭১২(আগরতলা ২৯।০।)

পানিসাগর, ২৯ জানুয়ারি, ২০২৪

পানিসাগরে তিনদিন ব্যাপী রাঙ্গলৎ খুছই উৎসব সমাপ্ত

রাঙ্গলৎ ইয়ুথ অ্যাসোসিয়েশনের উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তর, নর্থ-ইস্টার্ন কাউন্সিল, জনজাতি কল্যাণ দপ্তর ও অন্যান্য দপ্তরের সহযোগিতায় তিনদিন ব্যাপী ৭ম রাঙ্গলৎ খুছই উৎসব সম্পত্তি পানিসাগর মহকুমার চন্দ্রহালাম পাড়া এডিসি ভিলেজের ডলুবাড়ি মাঠে সমাপ্ত হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর ব্লকের বিডিও নবব্রত দত্ত, ডেপুটি কালেক্টর অনিবার্দ্দ দাস প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন রাঙ্গলৎ সম্প্রদায়ের প্রধান সমাজপতি রিউবেন রাঙ্গলৎ।

উল্লেখ্য, গত ২২ জানুয়ারি তিনদিনব্যাপী রাঙ্গলৎ খুছই উৎসবের উদ্বোধন হয়েছিল। উৎসবের দ্বিতীয় দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া। উৎসবকে কেন্দ্র করে রাঙ্গলৎ সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা ও খাদ্য প্রদর্শনী আয়োজিত হয়। প্রতিদিন সন্ধ্যায় আয়োজিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।
